19 এসাইলাম আপিল বা শরণার্থী বিষয়ক পুনরায় আবেদন

এই পর্যায়ে আপনাকে শরণার্থী / আশ্রয়ের আবেদন সংক্রান্ত আপনার ঘটনাটিকে পুনরায় উপস্থাপন করার এবং আপনি কেন আপনার নিজের দেশে ফেরত যেতে ভয় পাচ্ছেন তা ব্যাখ্যা করার দ্বিতীয় সুযোগ দেওয়া হয় । আপনার আবেদন, শরণার্থী আপিল বোর্ড (রিফিউজি আপিল বোর্ড / RAB) গ্রহণ করবে এবং শুনবে।

রিফিউজি আপিল বোর্ড (শরণার্থী আপিল বোর্ড /RAB) কী?

শরণার্থী আপিল বোর্ড হ'ল একটি ট্রাইব্যুনাল (আদালতের অনুরূপ তবে এতটা আনুষ্ঠানিক নয়) আশ্রয়ের আপিল শুনানির জন্য প্রতিষ্ঠিত। এটি চার জন ব্যক্তি দ্বারা একটি বোর্ড নিয়ে গঠিত। বোর্ডের কার্যালয়টি এখানে অবস্থিত:
শরণার্থী আপিল বোর্ড/ রিফিউজি আপিল বোর্ড,
১০৯ ওল্ড মিন্ট স্ট্রিট (109 Old Mint Street),
ভ্যালেটটা (Valletta)

কে আপিল করতে পারে?

আপনি শরণার্থী আপিল বোর্ড/ RAB -র কাছে শরণার্থী কমিশনার (রেফিউজি কমিশন / রেফকম) অফিসের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে আবেদন করতে পারেন, যখন:
- আপনি মনে করেন যে আপনার আবেদনটি ভুলভাবে বাতিল হয়েছে; বা
- আপনাকে সাবসিডিয়ারি প্রোটেকশন দেওয়া হয়েছে তবে আপনি বিশ্বাস করেন যে আপনাকে শরণার্থী হিসাবে স্বীকৃতি দেওয়া উচিত;
- আপনাকে অন্য ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাজ্যে স্থানান্তর করার জন্য আপনাকে ডাবলিন প্রবিধানের অধীনে একটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং আপনি এই সিদ্ধান্তের সাথে সহমত হচ্ছেন না [1]।

[1] ফ্যাক্টশিট নম্বর ২০ দেখুন: ডাবলিন প্রক্রিয়া (http://aditus.org.mt/Publications/factsheet20_dublinprocedure.pdf).

কীভাবে এবং কখন আমি আবেদন করব?

আপনি যদি রেফকমের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে আবেদন করতে চান, আপনার কাছে RAB কে জানাতে এবং আপনার আবেদন আবেদনটি রেজিস্ট্রেশন করার জন্য **২ সপ্তাহ বা ১৫ দিন** সময় থাকতে হবে। এই ২ সপ্তাহ আপনি রেফকমের কাছ থেকে লিখিত সিদ্ধান্ত গ্রহণ / সংগ্রহ করার দিন থেকে শুরু করবেন, সিদ্ধান্তের তারিখ থেকে নয়।
আপনার জন্য এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে RAB দেরিতে আবেদনগুলি গ্রহণ করে না, তাই আপনি যত তাড়াতাড়ি সম্ভব নিশ্চিত ভাবে আপিল আবেদনটি ফাইল করবেন । কীভাবে এটি করতে হবে বা আবেদনটি করতে সাহায্য করার জন্য একটি সমর্থনকারী সংস্থার সাথে যোগাযোগ করুন [2]। একবার আপনার আবেদন নিবন্ধিত হয়ে গেলে, আপনাকে আসল আপিল দলিলগুলি প্রস্তুত করতে সাধারণত প্রায় ৩ সপ্তাহ সময় দেওয়া হয়। এখানে আপনি বা যে কেউ আপনাকে সহায়তা

Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

করছেন, আপনি কেন রেফকমের সিদ্ধান্তের সাথে একমত নন এবং কেন সিদ্ধান্তটি পরিবর্তন করা উচিত বলে মনে করেন তা বোঝানোর সুযোগ পাবেন।

আমি কি আমার আপীল -এর জন্য বা আপীল চলাকালীন কোনো উকিল -এর সাহায্য নিতে পারি ?

আপনার আপিলের জন্য, আপনার পুরো প্রক্রিয়া জুড়ে বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার অধিকার রয়েছে। নিখরচায় আইনি সহায়তায় আপনার উকিল আপিল জমা দেওয়ার প্রস্তুতি এবং বোর্ডের সামনে আপনার যে কোনও শুনানিতে (গুলিতে) উপস্থিত থাকতে পারে।
আপনি যদি এই নিখরচায় আইনি সহায়তা চাইতে চান, আপনার RAB -এর কাছে আপনার আবেদন দাখিল করার সময় এই বিষয়টি উল্লেখ করা উচিত। আপনি যখন এই বিনামূল্যে আইনি সহায়তার জন্য অনুরোধ করেন, তখন আপনার অনুরোধটি আইনী সহায়তা মাল্টা, জাতীয় আইনী সহায়তা সংস্থা-এর কাছে প্রেরণ করা হবে। এই এজেন্সিটি তখন আপনার মামলায় আইনী সহায়তার জন্য আইনজীবি নিয়োগ করবে। আপনি কবে এবং কখন আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্টের জন্য আইনজীবীর সাথে দেখা করবেন সে সম্পর্কে আপনাকে জানানো হবে বা আপনি একটি চিঠি পাবেন।
বিকল্পভাবে, আপনি আপনার নিজের ব্যয়ে/ নিজে খরচ করে একটি ব্যক্তিগত আইনজীবী দ্বারা প্রতিনিধিত্ব করা বা কোনও সহায়ক সংস্থার সহায়তা চাইতে পারেন।

[2] ফ্যাক্টশিট নম্বর ২১ দেখুন: সহায়ক সংস্থা (http://aditus.org.mt/Publications/factsheet21_supportingorganisations.pdf).
[3] ফ্যাক্ট শিট নম্বর ১৫ দেখুন: এসাইলাম- সন্ধানকারীদের কোনো সুযোগ সুবিধা পাবার অধিকার (http://aditus.org.mt/Publications/factsheet15_rightsapplicants.pdf).

আপিল প্রক্রিয়া চলাকালীন আমার পরিস্থিতি/ অবস্থান কী হবে ?

শরণার্থী আপিল বোর্ড আপনার কেস [3] সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত আপনি আশ্রয়প্রার্থী হিসাবে থাকবেন । আপনি যখন RAB -এর কাছে আপনার আবেদন করবেন তখন তাঁরা আপনাকে একটি শংসাপত্র দেবে যেখানে উল্লেখ করা থাকবে যে আপনি এখনও আশ্রয়প্রার্থী। এই শংসাপত্রটি চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রতি ৩ মাস অন্তর পুনর্নবীকরণ করা হবে, এবং এটি আপনাকে পুরো প্রক্রিয়া কাল জুড়ে মাল্টায় থাকতে দেবে।
গুরুত্বপূর্ণ: আপনি যদি আপিলের প্রক্রিয়া চলাকালীন নিজের ঠিকানা পরিবর্তন করেন, তবে আপনার নতুন ঠিকানা বোর্ডকে অবহিত করতে ভুলবেন না কারণ আপনাকে বিজ্ঞপ্তি ও সিদ্ধান্তগুলি প্রেরণের জন্য আপনার সঠিক ঠিকানা জানা প্রয়োজন।

আমি কখন এবং কীভাবে শেষ সিদ্ধান্ত জানতে পারবো বা প্রাপ্ত হবো ?

বোর্ডের সিদ্ধান্ত নেওয়ার জন্য কোনও সময়সীমা নির্ধারণ করা সম্ভব হয়না। এটি কয়েক সপ্তাহ বা কয়েক মাস সময় নিতে পারে। যদি একবার আপনি সিদ্ধান্তটি প্রাপ্ত হন বা সংগ্রহ করেন, তবে সেইখানে আপনার আশ্রয় পদ্ধতির সমাপ্তি ঘটবে।
বোর্ড যদি আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা (শরণার্থী মর্যাদা বা সহায়ক সুরক্ষা) স্বীকৃতি দেয় তবে আপনার কাছে মাল্টায় থাকার এবং আনুষঙ্গিক অধিকার উপভোগ করার অধিকার থাকবে [4] সেই

UNHCR The UN Refugee Agency
Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

ক্ষেত্রে রেফকম আপনার জন্য একটি সুরক্ষা কার্ড জারি করবে এবং এর সাহায্যে, আপনি পুনর্নবীকরণযোগ্য/শরণার্থী পরিচয়ে মাল্টা থেকে বৈধ তিন বছরের জন্য একটি আবাসিক অনুমোদন স্বাপেক্ষ কার্ডের জন্য আবেদন করতে সক্ষম হবেন।
বোর্ড যদি রেফকমের সিদ্ধান্তের নিশ্চয়তা দেয় এবং আপনার আবেদন প্রত্যাখ্যান করে তবে আপনি আর আশ্রয়প্রার্থী হতে পারবেন না এবং সেই ক্ষেত্রে আপনাকে মাল্টা ছাড়তে হবে। আপনি আপনার দেশে ফিরে যাচ্ছেন কিনা তা নিশ্চিত হওয়ার জন্য আপনার বিরুদ্ধে গ্রেপ্তার এবং আটকসহ বিভিন্ন ব্যবস্থা নেওয়া হতে পারে।

আরও তথ্য প্রয়োজন? যোগাযোগ করুন – অ্যাডিটাস +৩৫৬২০১০৬২৯৫ |
www.aditus.org.mt | info@aditus.org.mt

[3] ফ্যাক্ট শিট নম্বর ১৫ দেখুন: এসাইলাম- সন্ধানকারীদের কোনো সুযোগ সুবিধা পাবার অধিকার (http://aditus.org.mt/Publications/factsheet15_rightsapplicants.pdf).
[4] ফ্যাক্সশিট নম্বর ১৪ দেখুন: আন্তর্জাতিক সংরক্ষণের সুবিধাগুলি গ্রহণের অধিকার (http://aditus.org.mt/Publications/factsheet14_rightsinternationprotection.pdf).

UNHCR
The UN Refugee Agency
Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows